

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) ইউনিট
www.rdc.gov.bd

বিষয়: পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং এবিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা ২০১৮-১৯ পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব এস. এম. গোলাম ফারুক, সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
সভার তারিখ ও সময় : ৭ আগস্ট, ২০১৮ তারিখ রোজ মঙ্গলবার সকাল ১০:০০ ঘটিকা।
সভার স্থান : পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সভাকক্ষ (ভবন নং: ০৭, কক্ষ নং: ৬৩৩, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট-ক সদয় দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং তিনি সিস্টেম এনালিস্টকে এবিভাগ এবং এর আওতাধীন দপ্তর/ সংস্থাসমূহের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০১৮-১৯ উপস্থাপনের অনুরোধ জানান।

আলোচনা:

- ১। সিস্টেম এনালিস্ট জানান যে, এবিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার মধ্যে পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) হতে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০১৮-১৯ পাওয়া যায়নি।
- ২। এরপর বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন কাঠামো, ২০১৮-২০১৯ এর বর্ণিত ছকের প্রেক্ষিতে আলোচনা শুরু হয়।

বিস্তারিত আলোচনান্তে নিম্নে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

- ১। মন্ত্রণালয় হতে ই-মেইলে পত্র প্রেরণ এবং টেলিফোনে যোগাযোগ সত্ত্বেও বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-১৯ যথাসময়ে প্রেরণ না করার জন্য পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর ব্যবস্থাপনা পরিচালক এবং উক্ত সংস্থার ফোকাল পয়েন্টকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করতে হবে। এছাড়া আগামী ০৮/০৮/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে পিডিবিএফ এর বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-১৯ মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।
- ২। ১.২.১ সূচকের শতভাগ লক্ষ্যমাত্রা অর্জনের জন্য এবিভাগএবং এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা ২০১৮-১৯, আগামী ১২ আগস্ট, ২০১৮ এর মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।

৩। এ বিভাগএবং এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ স্ব স্ব বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ১৬ আগস্ট, ২০১৮ এর মধ্যে তথ্য বাতায়নে প্রকাশ করবে।

৪। এ বিভাগের আওতাধীন দপ্তর/ সংস্থাসমূহ আগামী ৭ কর্মদিবসের মধ্যে স্ব স্ব সংস্থার উদ্ভাবনী উদ্যোগ/ধারণার তালিকা তৈরি করে এবিভাগে প্রেরণ করবে।

৫। এ বিভাগের আওতাধীন দপ্তর/ সংস্থাসমূহ কর্তৃক বাস্তবায়িত পাইলটিং উদ্ভাবনী উদ্যোগসমূহের তালিকা ২০/০৮/২০১৮ তারিখের মধ্যে এবিভাগে প্রেরণ করতে হবে।

৬। ৮.১.১ সূচকের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য এটুআই এর নির্দেশনা অনুসরণ করে মেন্টর-মেন্টি নির্বাচন করে ২০/০৮/২০১৮ তারিখের মধ্যে তালিকা প্রস্তুত করতে হবে।

৭। এ বিভাগ এবং এর আওতাধীন সকল দপ্তর/ সংস্থাসমূহের তথ্য বাতায়নে ইনোভেশন কর্ণারের সকল তথ্য হালনাগাদকরণসহ ইনোভেশন বিষয়ক চলমান এবং বাস্তবায়িত কার্যক্রমের তথ্যাদি সন্নিবেশ করতে হবে।

৮। এ বিভাগ হতে দাপ্তরিক সকল পত্রাদি দপ্তর/সংস্থা প্রধান এবং সংশ্লিষ্ট টিমের ফোকাল পয়েন্টকে ই-মেইলে প্রেরণ করতে হবে।

অতঃপর, সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

০৮/০৮/২০১৮

(এস. এম. গোলাম ফারুক)

সচিব

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ